

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৪০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৫. যে ব্যক্তি প্রসিদ্ধি ও পরিচিতিকে অপছন্দ করে

بَابُ مَنْ كَرِهَ الشُّهْرَةَ وَالْمَعْرِفَةَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ قَالَ سَمِعْتُ هَارُونَ بْنَ عَنْتَرَةَ عَنْ سُلَيْمِ بْنِ حَنْظَلَةَ قَالَ أَتَيْنَا أُبِيَّ بْنَ كَعْبٍ لِنَتَحَدَّثَ إِلَيْهِ فَلَمَّا قَامَ قُمْنَا وَنَحْنُ نَمْشِي خَلْفَهُ فَرَهَقَنَا عُمَرُ فَتَبِعَهُ فَصْرَبَهُ عُمَرُ بِالدِّرَّةِ قَالَ فَاتَّقَاهُ بِذِرَاعَيْهِ فَقَالَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ مَا نَصْنَعُ قَالَ عُمْرُ فَتَبِعَهُ فَضَرَبَهُ عُمَرُ بِالدِّرَّةِ قَالَ فَاتَّقَاهُ بِذِرَاعَيْهِ فَقَالَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ مَا نَصْنَعُ قَالَ أَو مَا تَرَى فِتْنَةً لِلْمَتْبُوعِ مَذَلَّةً لِلتَّابِعِ

বাংলা

৫৪০. সুলাইম ইবনু হান্যালাহ বলেন: আমরা উবাই ইবনু কা'ব রা: এর নিকট আসলাম যাতে আমরা তাঁর নিকট হাদীস বর্ণনা করতে পারি। এরপর যখন তিনি উঠে দাঁড়ালেন, তখন আমরাও উঠে দাঁড়ালাম এবং তাঁর পিছে পিছে চলতে লাগলাম। এরপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের নিকট আসলেন এবং তিনি (উবাই রাদ্বিয়াল্লাহু আনহু) তাঁর অনুসরণ করলেন। এরপর উমার রা: তাঁকে বেত্রাঘাত করেন। তিনি (বর্ণনাকারী) বলেন: তিনি তাঁর দু'বাহু দ্বারা নিজেকে রক্ষা করলেন। তখন তিনি (উবাই রাদ্বিয়াল্লাহু আনহু) বললেন: হে আমীরুল মু'মিনীন! আপনি এ কী আচরণ করছেন? তিনি বললেন: তুমি কি দেখছো না- অনুসৃত ব্যক্তি জন্য এটি একটি ফিতনা, আর অনুসরণকারীদের জন্য এটি একটি অবমাননাকর বিষয়?[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ জাইয়্যেদ।

তাখরীজ: নুয়াইম বিন হাম্মাদ, যাওয়াইদ আলা যুহদ লি ইবনুল মুবারক নং ৪৮; ইবনু আবী শাইবা, ৯/২০ নং ৬৩৬৬; বাইহাকী, যুহদুল কাবীর নং ৩০৩; খতীব, আল জামি' নং ৯৩১।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সুলাইম ইবনু হান্যালাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন